



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

পত্র নং-গাগা/প্রকা/প্রচার/২০২১-১৩৯৭ (৫)

তারিখ : ২১/১২/২০২১

## গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত

৫ হতে ৯ ডিসেম্বর, ২০২১ সপ্তাহব্যাপী সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর ঢাকায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের থিম ছিলো ‘প্রশিক্ষণেই আনে দক্ষতা’। প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে ছিলো গার্ল গাইডিং পরিচিতি, ইতিহাস, উদ্দেশ্য, গাইডের ইউনিফর্ম সম্বন্ধে ধারণা, গাইডের প্রতিভা, লক্ষ্য, পরোপকার, গাইডের নিয়মাবলী, সালাম চিহ্ন, বা হাত মিলানো, পতাকা উত্তোলন, পেট্রোল ড্রিল, বাঁশীর সংকেত, হাতের ইশারা, বিশ্ব ব্যাজ, টেন্ডারফুট ব্যাজ সম্বন্ধে ধারণা, পদ চিহ্ন অনুসরণ, হাইকিং, গার্ল গাইডের ৬টি ক্ষেত্র সম্বন্ধে ধারণা, গাইড কোম্পানী পরিচালনা, সেরিমোনিয়ালস, গাইড নৈপুণ্য সূচক ব্যাজ অ্যাওয়ার্ড, আন্তর্জাতিক জ্ঞান, ওয়াগ্‌স এর কারেন্ট ইস্যু, প্রকল্প সম্বন্ধে ধারণা, গাইডারের দায়িত্ব, কর্তব্য ও গুণাবলী ইত্যাদি। প্রশিক্ষণ দেন প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী, জাতীয় কার্যালয়ের ট্রেইনার সাহেদা বেগম, প্রশিক্ষণ সাব কমিটির সদস্য হোসেন আরা বেগম, ঢাকা অঞ্চলের ট্রেইনার কাজী শামীমা ও নাজনীন ইসলাম। অংশগ্রহণকারীদের পরীক্ষা গ্রহণ করেন জাতীয় কার্যালয়ের ট্রেইনার সাহেদা বেগম ও দীক্ষা দেন প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী।

২০ ডিসেম্বর, ২০২১ প্রশিক্ষণের সমাপনী দিনে সনদ পত্র বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পারভীন লায়লা, অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা। অনুষ্ঠানে প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) ও গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। শেষে জাতীয় কমিশনার অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। ট্যাপস্ এর মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুরে প্রশিক্ষণরত ২৯ জন বিপিএড প্রশিক্ষণার্থী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ গ্রহণ করেন।



স্বাক্ষরিত/-  
সাবিনা বেগম  
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা